(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

**Website:** www.dgfood.gov.bd

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.২২৫৮(৭) তারিখঃ **১১/১২/২০১৯** খ্রি:।

**বিষয়ঃ আমন সংগ্রহ ২০১৯-২০২০ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য সিদ্ধ ও আতপ চালের বিভাগ, জেলা ও উপজেলাওয়ারী লক্ষ্যমাত্রার বিভাজন।**

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৬.০১৩.২০১৭-৫৬, তারিখ: ০৩/১২/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে আসন্ন অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৯-২০২০ এর আওতায় ৩,৫০,০০০ (তিন লাখ পঞ্চাশ হাজার) মে:টন সিদ্ধ চাল ও ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মে:টন আতপ চাল ক্রয়ের উপজেলাওয়ারী বিভাজন নিম্নরুপ শর্তে অনুমোদন প্রদান করা হয়েছে।

(ক) ২০১৯-২০২০ সালের আমন মৌসুমে ৩,৫০,০০০ (তিন লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন সিদ্ধ চাল এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মে:টন আতপ চাল নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করতে হবে;

(খ) আমন সিদ্ধ চালের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩৬.০০ (ছত্রিশ) টাকা এবং আতপ চালের সংগ্রহ মূল্য প্রতি কেজি ৩৫.০০ (পয়ত্রিশ) টাকা;

(গ) চাল সংগ্রহের সময়সীমা ০২ ডিসেম্বর, ২০১৯ খ্রি. তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. পর্যন্ত;

(ঘ) চাল উৎপাদনের তথ্য সঠিকভাবে উপস্থাপন করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন;

(ঙ) আমন সংগ্রহ ২০১৯-২০ এর আওতায় সিদ্ধ ও আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সর্বশেষ সময়সীমা ২২/১২/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ করা;

(চ) যে সকল উপজেলায় সিদ্ধ চালকল নেই ঐ সকল উপজেলায় ধানের উৎপাদনের ভিত্তিতে সিদ্ধ চালের বরাদ্দ প্রাপ্ত ৮২টি উপজেলার ১২,৩৮২ মে:টন চালকে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী আমন ধান ও চালের অনুপাত অনুযায়ী (ধান ও ফলিত চালের অনুপাত " আমন ধান:চাল=৬০:৪১.০৮ (৬০ অনুপাত একচল্লিশ দশমিক শুন্য আট) বা ৬৮.৪৭%) ফলিত চাল ধানে রুপান্তর করে উপজেলাসমূহে সংগ্রহতব্য ১৮০৮৫ মে:টন ধান সংগ্রহ করতে হবে;

(ছ) যে সকল উপজেলায় আতপ চালকল নেই ঐ সকল উপজেলায় ধানের উৎপাদনের ভিত্তিতে আতপ চালের বরাদ্দ প্রাপ্ত ২৮৫টি উপজেলার ৬,১০০ মে:টন চালকে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী আমন ধান ও চালের অনুপাত অনুযায়ী (ধান ও ফলিত চালের অনুপাত "আমন ধান:চাল=৬০:৪১.০৮ (৬০ অনুপাত একচল্লিশ দশমিক শুন্য আট) বা ৬৮.৪৭% অনুযায়ী ধানে রুপান্তর করে সংশ্লিষ্ট উপজেলাসমূহে সংগ্রহতব্য ৮৯০৬ মে:টন ধান সংগ্রহ করতে হবে;

(জ) মূলত: চাল ৩০ কেজি কেজি ধারণক্ষম বস্তায় সংগ্রহ করা; প্রতিটি বস্তার জামানত মূল্য ৬০.০০ (ষাট টাকা) নির্ধারণকরণ। তবে অত্যাবশ্যকীয় ক্ষেত্রে খাদ্য অধিদপ্তরের পূর্বানুমোদনক্রমে ৫০ কেজি ধারণক্ষম বস্তায় চাল সংগ্রহের লক্ষ্যে এর জামানত মূল্য ৮০.০০ (আশি) টাকায় নির্ধারণ করা;

(ঝ) সরবরাহকৃত চালের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে;

(ঞ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর বিনির্দেশ সম্মত চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে;

(ট) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুচ্ছেদ ২০(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহ করা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে এবং এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট কমিটি এর জন্য দায়ী থাকবেন।

এক্ষণে উপরোক্ত সিদ্ধান্তের আলোকে ৩,৫০,০০০ (তিন লাখ পঞ্চাশ হাজার) মে:টন সিদ্ধ চাল ও ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মে:টন আতপ চাল এবং "চ" এবং "ছ" অনুচ্ছেদে বর্ণিত উৎপাদনের ভিত্তিতে প্রাপ্ত চালের বরাদ্দের রূপান্তরিত ১৮,০৮৫ (পরিশিষ্ট-ক) মে:টন ও ৮,৯০৬ (পরিশিষ্ট-খ) মে:টন ধানের উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলাসমূহে জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিদ্ধ ও আতপ চাল এবং রূপান্তরিত ধান সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ..................... ফর্দ।

১১/১২/১৯

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল।

(জুলফিকার রহমান)
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২-৯৫৫০২৬১।

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.২২৫৮/৭(২১) তারিখঃ **১১/১২/২০১৯** খ্রি:।

অনুলিপিঃ

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা সদয় অবগতির জন্য।
৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। খাদ্যমন্ত্রী মহোদয়ের অবগতির জন্য। ।
৫। সকল পরিচালক..................................................খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি/বিডিবিএল/রূপালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
৯। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

পরিচালক,
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।